# তত্ত্বাবধায়ক সরকার ফেরাতে সুপ্রিম কোর্টে টানা পঞ্চম দিনের শুনানি



সংগৃহীত ছবি

তত্ত্বাবধায়ক সরকার পুনর্বহালের দাবিতে করা আপিলের ওপর বুধবার সুপ্রিম কোর্টে পঞ্চম দিনের শুনানি চলছে। বিএনপি ও অন্যান্য রাজনৈতিক দলের আইনজীবীরা আদালতে যুক্তি উপস্থাপন করছেন।

তত্ত্বাবধায়ক সরকার ব্যবস্থা পুনর্বহালের দাবিতে করা আপিলের পঞ্চম দিনের শুনানি শুরু হয়েছে বুধবার (২৯ অক্টোবর) সকালে। প্রধান বিচারপতি ড. সৈয়দ রেফাত আহমেদের নেতৃত্বে ৭ বিচারপতির পূর্ণাঙ্গ আপিল বেঞ্চে এই শুনানি অনুষ্ঠিত হচ্ছে। আজকের শুনানিতে বিএনপির পক্ষের আইনজীবীরা তাদের যুক্তি তুলে ধরছেন।

এর আগে চতুর্থ দিনের শুনানিতে জামায়াতে ইসলামী'র আইনজীবী শিশির মনির বলেন, "তত্ত্বাবধায়ক সরকার বাংলাদেশের রাজনৈতিক প্রেক্ষাপটে একটি অনন্য ও কার্যকর ব্যবস্থা ছিল। কিন্তু রাজনৈতিক নেতাদের দূরদর্শিতার অভাবে এটি বাতিল করা হয়।"

তৃতীয় দিনের শুনানিতেও শিশির মনির মন্তব্য করেন যে, তত্ত্বাবধায়ক সরকার বাতিলের প্রক্রিয়া ছিল 'পরিকল্পিত ও উদ্দেশ্যপ্রণোদিত'।

উল্লেখ্য, গত ২৭ আগস্ট তত্ত্বাবধায়ক সরকার ব্যবস্থা বাতিলের রায় পুনর্বিবেচনা চেয়ে করা আবেদন সর্বোচ্চ আদালত গ্রহণ করে এবং আপিলের অনুমতি দেয়। পরবর্তীতে ড. বদিউল আলম মজুমদার, বিএনপির মহাসচিব মির্জা ফখরুল ইসলাম আলমগীর, জামায়াতের সেক্রেটারি জেনারেল গোলাম পরওয়ারসহ পাঁচজন আপিল দায়ের করেন।

প্রসঙ্গত, ২০১১ সালে তৎকালীন প্রধান বিচারপতি এবিএম খায়রুল হকের নেতৃত্বাধীন আপিল বিভাগ সংখ্যাগরিষ্ঠ মতামতের ভিত্তিতে তত্ত্বাবধায়ক সরকার ব্যবস্থা বাতিলের রায় দিয়েছিল।